Website
+ Fb Page + Notice
+ বিভাগসমূহ
৫/১০/২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ।**

# ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ২য় মেধাতালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম মেধাতালিকায় ভর্তিকৃত ছাত্র-ছাত্রী ও সংশিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশিত বিষয় পরিবর্তনের তালিকার ফলাফল অনুযায়ী নির্ধারিত বিষয়ে নিম্নবর্ণিত পদ্ধতিতে তারা **স্ব স্ব বিভাগে ০৫/১০/২০২১ হতে ১১/১০/২০২১** ইং তারিখের মধ্যে (সরকারি ছুটির দিন ব্যতীত) ভর্তি হতে পারবে। যে সকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হয়েছে তাদের পূর্বের বিষয়ের ভর্তি বাতিল হয়েছে এবং তাদের পরিবর্তিত বিষয়ে অবশ্যই ভর্তি হতে হবে।

১। যে সকল শিক্ষার্থীর বিষয় পরিবর্তন হয়েছে তাদের আবেদন ফরমে জাতীয় বিশ্ববিদ্যালয় প্রদত্ত রোল নম্বর ও কলেজ কোড ব্যবহার করে ওয়েবসাইট থেকে বিষয় পরিবর্তনের ফরমের প্রিন্ট নিতে হবে।

২। উক্ত ফরমের মূলকপিসহ কলেজ কপির একটি ফটোকপিসহ নির্ধারিত স্থানে শিক্ষার্থীর স্বাক্ষর প্রদান করে নির্ধারিত সময়ের মধ্যে পরিবর্তিত বিভাগে জমা দিতে হবে।

৩। বিভাগ পরিবর্তনকারী শিক্ষার্থীরা পূর্বের বিভাগ হতে সেমিনার ফি ও অন্যান্য ফি উত্তোলন করবে।

**বিভাগ সমূহের করণীয় ঃ**

১। সংশ্লিষ্ট বিভাগসমূহ নির্ধারিত সেমিনার ফি ও অন্যান্য ফি রশিদের মাধ্যমে জমা নিয়ে ভর্তি করবে।

২। বিষয় পরিবর্তনকারী শিক্ষার্থীর হাতে এইচ.এস.সি/সমান পাশের মূল মার্কসীট ফেরত দেওয়া যাবে না। সংশ্লিষ্ট বিভাগসমূহ পরবর্তীতে সমন্বয়ের মাধ্যমে তালিকা অনুযায়ী উক্ত মূল মার্কসীট সংগ্রহ করবে।

৩। বিষয়পরিবর্তনকৃত শিক্ষার্থীদের বিভাগ কর্তৃক গৃহীত যাবতীয় টাকা ফেরত দিতে হবে।

৫/১০/২১
**(প্রফেসর ড. শংকর কুমার কুন্ডু)**
অধ্যক্ষ
নবাবগঞ্জ সরকারি কলেজ,চাঁপাইনবাবগঞ্জ

০৫/১০/২০২১
**(মোঃ শামসুল হক )**
আহ্বায়ক
অনার্স ১ম বর্ষ ভর্তি কমিটি-২০২০-২০২১
নবাবগঞ্জ সরকারি কলেজ, চাঁপাইনবাবগঞ্জ